# বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

তারিখঃ ০৮/০৭/২০২৬খ্রিঃ

দপ্তর আদেশ নং-৯২৭০/২০২৬

জনাব মোঃ আব্দুল ছালাম, অতিরিক্ত পরিচালক(নৌ-পথ), নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা এবং জনাব মোঃ মাহে আলম, নিম্নমান সহকারী/মুদ্রাক্ষরিক, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা এর বিরুদ্ধে ব্রিজ ক্লিয়ারেন্স বাণিজ্য, অবৈধ সম্পদ অর্জন, সরকারি অর্থ আত্মসাৎ ও প্রশাসনিক প্রভাবসহ সিন্ডিকেট ভিত্তিক দূর্নীতির বিষয়ে জনৈক জনাব খোরশেদ আলম সীমান্ত কর্তৃক গত ৩০/০৪/২০২৬খ্রিঃ তারিখ সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর একটি অভিযোগপত্র দাখিল করা হয়। উক্ত অভিযোগ পত্রের প্রেক্ষিতে তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করে নৌপরিবহন মন্ত্রণালয়ের টিএ শাখার স্মারক নং-১৮. ০০. ০০০০. ০০০. ০১৯. ৯৯. ০০২৫. ২৫.১২৯/১(২); তারিখঃ ০৭/০৬/২০২৬খ্রিঃ এর মাধ্যমে চেয়ারম্যান মহোদয় বরাবর অভিযোগপত্রটি সহ একটি অগ্রনীপত্র প্রেরণ করা হয় (কপি সংযুক্ত)। জনৈক জনাব খোরশেদ আলম সীমান্ত কর্তৃক দাখিলকৃত অভিযোগপত্রে উল্লিখিত অভিযোগের বিষয়ে যাচাই-বাছাই পূর্বক সত্যতা নিরুপণ, প্রকৃত তথ্য উদঘাটন এবং পরবর্তী করণীয় বিষয়ে প্রতিবেদন দাখিলের নিমিত্ত নিম্নেবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হলো ঃ

| | |
|---|---|
| (১) জনাব এ এইচ মোঃ ফরহাদ উজ্জামান<br>প্রধান প্রকৌশলী (পুর)<br>বিআইডব্লিউটিএ, ঢাকা। | আহবায়ক |
| (২) জনাব মোঃ দিদার এ আলম<br>নির্বাহী প্রকৌশলী(পুর)<br>ঢাকা ডিভিশন<br>প্রকৌশল বিভাগ<br>বিআইডব্লিউটিএ, সদরঘাট, ঢাকা। | সদস্য সচিব |

২। তদন্ত কমিটির কার্যপরিধি (TOR) নিম্নরূপঃ

ক) অভিযোগের বিষয়ে যাচাই-বাছাই পূর্বক সত্যতা ও প্রকৃত তথ্য উদঘাটন এবং এতদবিষয়ে সংশ্লিষ্টতা নিরুপণ করবেন।

খ) কমিটি এতদ্ববিষয়ে পরবর্তী করণীয় সম্পর্কে সুপারিশ প্রণয়ন করবেন;

গ) এছাড়াও অন্য কোন বিষয়ে সুপারিশ/মতামত থাকলে তা উল্লেখ করবেন;

ঘ) ১০(দশ) কর্মদিবসের মধ্যে সুনির্দিষ্ট সুপারিশ/মতামত সহ তদন্ত প্রতিবেদন কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের নিকট পেশ করবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

স্বাক্ষরিত
(নাহিদা বিনতে সাঈদ)
উপ-পরিচালক (মানব সম্পদ)

E/বিঃমাঃপ্রাঃতঃকঃ

নথি নং-১৮.৭০৭.০২৭.০০০০.০০৯.২০১১(খন্ড-১)/৫৪০ তারিখঃ ০৮/০৭/২০২৬খ্রিঃ

বিতরনঃ

(ক) জনাব এ এইচ মোঃ ফরহাদ উজ্জামান, প্রধান প্রকৌশলী (পুর), বিআইডব্লিউটিএ, ঢাকা।

(খ) জনাব মোঃ দিদার এ আলম, নির্বাহী প্রকৌশলী(পুর), ঢাকা ডিভিশন, প্রকৌশল বিভাগ, বিআইডব্লিউটিএ, সদরঘাট, ঢাকা।

অনুলিপিঃ

০১। পরিচালক, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা
(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

০২। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।

০৩। ব্যক্তিগত সহকারী, সদস্য (পরিকল্পনা ও পরিচালন) মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।

০৪। ব্যক্তিগত সহকারী, সদস্য (অর্থ) মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।

০৫। ব্যক্তিগত সহকারী, সদস্য (প্রকৌশল) মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।

০৬। নথি।

৮/৭/২০২৬

উপ-পরিচালক (মানব সম্পদ)